

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

ড্রেজার স্টোর বিভাগ

বাপাউবো, নারায়ণগঞ্জ।

টেলিফোন: ০২-৭৬৩০৫০৮



Office of the
Executive Engineer
Dredger Store Division
BWDB, Narayanganj.
Phone: 02-7630508



E-Mail: xendredgerstore@gmail.com

স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৮.৪৫.০০১.২৩-৪২৫

তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রি.

“ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৬-২৭ খ্রিঃ ”

মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়।			
সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।			
নিলামকারী দপ্তর	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।			
নিলামে বিক্রয় যোগ্য মালামাল এর বিবরণ ও অবস্থান	লট নং	মালামালের বিবরণ	অবস্থান	মন্তব্য
	১	পুরাতন অকেজো/ অব্যবহৃত/ অপ্রয়োজনীয় যন্ত্রাংশ/ মালামাল	ড্রেজার বেইজ, নারায়ণগঞ্জ।	১ লট
	২	পুরাতন অকেজো/ অব্যবহৃত/ অপ্রয়োজনীয় এম.এস প্লেট		১ লট
	(যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)।			
নিলাম দরপত্র দলিলের প্রাপ্তি স্থান	১। নির্বাহী প্রকৌশলীর দপ্তর , ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ। ২। এছাড়াও https://bwdb.gov.bd/live-tender ওয়েবসাইটে পাওয়া যাবে।			
নিলাম দরপত্র দলিলের মূল্য	লট নং-১: ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য। লট নং-২: ৭৫০ (সাতশত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য।			
নিলাম জামানতের পরিমাণ	লট নং-১ এর উদ্ধৃত দরের ২৫% লট নং-২ এর উদ্ধৃত দরের ২৫%			
নিলাম মালামাল সরেজমিনে পরিদর্শন	নিলাম দরপত্র দলিল ক্রয় সাপেক্ষে ০৪/১১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সাপ্তাহিক ছুটি এবং সরকারী ছুটির দিন ব্যতীত) সরেজমিনে পরিদর্শন করা যাবে।			
নিলাম দরপত্র দাখিলের স্থান	xen.rp2.dredger@egp.bwdb.gov.bd এই ই-মেইল ঠিকানায় দাখিল করতে হবে।			
নিলাম দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	০৫/১১/২০২৬ খ্রিঃ ১১:০০ ঘটিকা। (উল্লিখিত সময়ের পরে কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না)।			
নিলাম দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময়	০৫/১১/২০২৬ খ্রিঃ, ১১:০৫ ঘটিকা।			
নিলাম দরপত্র উন্মুক্তকরণের স্থান	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।			

বিঃদ্রঃ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/
(মোঃ শাহীন মিয়া)
নির্বাহী প্রকৌশলী(অঃদাঃ)
ড্রেজার স্টোর বিভাগ
আইডি নং- ৬৯০১০৩০০১
বাপাউবো, নারায়ণগঞ্জ।

স্মারক নং-৪২.০১.৬৭০০.২৯৮.৪৫.০০১.২৩-৪২৫

তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। অতিঃ প্রধান প্রকৌশলী, ডেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডেজার সার্ভিসেস সার্কেল/ডেজার অপারেশন সার্কেল, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, গ্রীনরোড, ঢাকা। (বিজ্ঞপ্তি ও তফসিল বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ৭। উপপরিচালক, ডেজার আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, ডেজার স্টোর উপ-বিভাগ-১/২, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ৯। উপ-সহকারী প্রকৌশলী, ডেজার স্টোর উপ-বিভাগ-১/২, বাপাউবো, নারায়ণগঞ্জ।
- ১০। নথি।

০৪/১০/২০২৬

নির্বাহী প্রকৌশলী
ডেজার স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।



নির্বাহী প্রকৌশলীর দপ্তর

ড্রেজার স্টোর বিভাগ

বাপাউবো, নারায়ণগঞ্জ।

টেলিফোন: ০২-৭৬৩০৫০৮



Office of the

Executive Engineer

Dredger Store Division

BWDB, Narayanganj.

Phone: 02-7630508

E-Mail: xendredgerstore@gmail.com

“নিলামে অংশ গ্রহণের নিয়মাবলী এবং শর্তসমূহ”

- ১। তফসিলে বর্ণিত অকেজো ঘোষিত সরঞ্জাম/যন্ত্রপাতি “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” নিলামে বিক্রি করা হবে।
- ২। আগ্রহী ব্যক্তিবর্গ অফিস চলাকালীন সময়ে আগামী ০৪/১১/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত, উপ-সহকারী প্রকৌশলী, ড্রেজার স্টোর বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর সাথে যোগাযোগ করতঃ তফসিলে বর্ণিত ব্যবহার অনুপযোগী এবং মেরামত অযোগ্য অচল/অব্যবহৃত/মেরামত অযোগ্য যন্ত্রাংশ/ মালামাল সরঞ্জামে পরিদর্শন করতে পারবেন। এক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ্য যে, সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন এবং অফিস সময়ের আগে ও পরে কোন ক্রমেই সরঞ্জাম পরিদর্শন করার সুযোগ থাকবে না।
- ৩। নিলাম দরপত্র দলিলের মূল্য লট নং-১ ও ২ এর জন্য ৭৫০ (সাত শত পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য নিলাম দরপত্র দলিলের মূল্য হিসাব নং- ০১০০০৩৯৯২২৭৭৫, জনতা ব্যাংক পিএলসি, ড্রেজার সংস্থা শাখা, নারায়ণগঞ্জ, রাউটিং নং- ১৩৫৬৭০৪৬৮ এ জমা প্রদান করতে হবে। ভিন্ন ভিন্ন লটের জন্য ভিন্ন ভিন্ন জমা স্লিপ ব্যবহার করতে হবে।
- ৪। নিলাম তফসিলের নির্ধারিত জায়গায় পরিষ্কার ভাবে দর কথায় এবং অংকে উল্লেখ করতে হবে। কোন ধরনের কাটাকাটি বা ওভাররাইটিং করা যাবে না। কথায় ও অংকে লেখার মধ্যে পার্থক্য থাকলে কথায় লেখা সঠিক বলে ধরা হবে।
- ৫। মোট উদ্ধৃত দরের সাথে অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% অগ্রিম আয়কর জমা দিতে হবে।
- ৬। লট নং-১ ও ২ এর জন্য উদ্ধৃত দরের ২৫% টাকা নিলাম জামানত হিসাবে হিসাব নং- ০১০০০৩৯৯২৩২৩২, জনতা ব্যাংক পিএলসি, ড্রেজার সংস্থা শাখা, নারায়ণগঞ্জ, রাউটিং নং- ১৩৫৬৭০৪৬৮ এ জমা প্রদান করতে হবে। ভিন্ন ভিন্ন লটের নিলাম জামানতের জন্য ভিন্ন ভিন্ন জমা স্লিপ ব্যবহার করতে হবে। দরপত্র দলিলের মূল্য এবং নিলাম জামানত জমার জন্য ভিন্ন ভিন্ন জমা স্লিপ ব্যবহার করতে হবে। উল্লেখ্য যে, ই-মেইল এর মাধ্যমে দরপত্র গ্রহণ করা হবে বিধায় কোন পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট গৃহীত হবে না।
- ৭। নিলাম দরপত্রের প্রতি পৃষ্ঠায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে। এছাড়া, নিলাম তফসিলের নির্ধারিত স্থানে দরদাতার স্বাক্ষর, নাম, পূর্ণ ঠিকানা, মোবাইল নং ও অন্যান্য তথ্যাদি সঠিক ভাবে লিখতে হবে। ভুল মোবাইল নং, ঠিকানা বা ব্যাংক একাউন্ট তথ্য দেয়ার কারণে নিলাম জামানত ফেরত দেয়া সম্ভব না হলে, পরে কোন ওজর আপত্তি গ্রাহ্য হবে না।
- ৮। সঠিকভাবে পূরণকৃত নিলাম দরপত্র, দরপত্র দলিলের মূল্য জমার স্লিপ এবং নিলাম জামানত জমার স্লিপ স্ক্যান করতঃ xen.rp2.dredger@egp.bwdb.gov.bd ঠিকানায় ই-মেইল প্রেরণ করতে হবে। উল্লেখ্য অন্য কোন মাধ্যমে প্রেরণ করলে তা গ্রহণযোগ্য হবে না। দরদাতার ছবি, জাতীয় পরিচয় পত্র এবং দরদাতার নিজ/প্রতিষ্ঠানের নামীয় ব্যাংক একাউন্ট এর চেক (অকৃতকার্য দরদাতার জামানত ফেরত এর নিমিত্ত) এর মূল কপি স্ক্যান করে দরপত্রের সাথে দাখিল করতে হবে। নিলাম দরপত্রে উল্লিখিত দরদাতার নাম ও ব্যাংক একাউন্ট এর তথ্যের সাথে নিজ/প্রতিষ্ঠানের নামীয় ব্যাংক একাউন্ট এর চেক এর তথ্যের মিল থাকতে হবে।
- ৯। একজন দরদাতা এক বা একাধিক লটের জন্য দরপত্র দাখিল করতে পারবেন। সে ক্ষেত্রে প্রতিটি লটের জন্য পৃথক পৃথক ই-মেইল প্রেরণ করতে হবে।
- ১০। ই-মেইল এর শিরোনাম (Subject) এ কোন লট এর জন্য দরপত্র দাখিল করা হচ্ছে তা উল্লেখ করতে হবে। একটি লটের জন্য একাধিক ই-মেইল প্রেরণ করা যাবে না।
- ১১। নিলাম দরপত্র দাখিলের শেষ সময় ০৫/১২/২০২৬ খ্রিঃ ১১:০০ ঘটিকা পর্যন্ত এবং ১১:০৫ ঘটিকা সময়ে উপস্থিত দরদাতাদের সামনে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে সকল নিলাম দরপত্র উন্মুক্ত করা হবে।
- ১২। শর্ত যুক্ত কোন নিলাম দরপত্র দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

- ১৩। নিলাম দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নিলামের শর্ত অনুযায়ী সকল দরপত্র সমূহ মূল্যায়ন করতঃ সকল শর্ত সঠিকভাবে প্রতিপালনকারী সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য হিসেবে নির্ধারণ করা হবে।
- ১৪। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে জামানত ব্যতিরেকে তার সর্বমোট উদ্ধৃত মূল্যের অবশিষ্ট অর্থ সর্বোচ্চ ৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে ডেলিভারী অর্ডার প্রদান করা হবে। তবে উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ভ্যাট ও আয়করের হার পরিবর্তিত হলে সে মোতাবেক পরিবর্তিত হারে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।
- ১৫। কৃতকার্য সর্বোচ্চ দরদাতাকে ডেলিভারী অর্ডার প্রদানের পরই কেবলমাত্র অকৃতকার্য নিলাম দরদাতাগণের জামানত ফেরৎ প্রদান করা হবে।
- ১৬। ডেলিভারী আদেশ মোতাবেক অফিস চলাকালীন সময়ে নিম্ন-স্বাক্ষরকারীর সাথে আলোচনা সাপেক্ষে তফসিলভুক্ত অকেজো ঘোষিত সরঞ্জাম/যন্ত্রপাতি নিলাম দরদাতার সম্পূর্ণ নিজ খরচে ডেলিভারী নিতে হবে। অন্যথায়, নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর ডেলিভারী আদেশ বাতিল করতঃ সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ১৭। অকেজো সরঞ্জাম/যন্ত্রপাতি/মালামাল ডেলিভারী গ্রহণের সময় দপ্তরের নিরাপত্তা বিঘ্নিত করা অথবা পাশে রক্ষিত অন্যান্য নিলাম বহির্ভূত সরঞ্জামের ক্ষতি সাধিত হতে পারে এমন কোন কাজ করা হলে কিংবা চেষ্টা করা হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে এবং ক্ষয়ক্ষতির যাবতীয় দায়ভার নিলাম গ্রহীতার উপরেই বর্তাবে।
- ১৮। শর্তাবলীতে উল্লেখ্য নাই এমন বিষয়ে কোনো জটিলতা সৃষ্টি হলে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৯। উল্লেখিত পদ্ধতি ব্যবহার করে দর প্রদান কালে কোনো ধরনের কারিগরী ত্রুটি (Internet Connection, Scanning বা Upload এর সমস্যা ইত্যাদি)-র জন্য যথাসময়ে Bid করতে না পারার জন্য অথবা Corrupted বা Virus Infected File বা File Upload/ Download না করতে পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না, সকল দায় দরদাতাকে বহন করতে হবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা অত্র দপ্তর সংরক্ষণ করে।



০৫/১০/২০২৬
(মোঃ শাহীন মিয়া)
নির্বাহী প্রকৌশলী(অঃদাঃ)
ডেপুটি স্টোর বিভাগ
বাপাউবো, নারায়ণগঞ্জ।

(ক) পুরাতন অকেজো/অব্যবহৃত/অপ্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল নিলাম দরপত্র তফশীল

১। দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬-২৭ ইং

দরপত্র বিক্রয় মূল্য প্রতি সেট টাঃ- ৭৫০/-

ক্রঃনং	যন্ত্রাংশ/মালামাল এর বিবরণ	একক	পরিমাণ	উদ্ধৃত দর (অংকে)
১	২	৩	৪	৪
০১।	পুরাতন অকেজো/অব্যবহৃত/অপ্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)	লট	০১ (এক) লট	
মোটঃ				

- ক) উদ্ধৃত দর (কথায়) :
- খ) দরদাতা/প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর (যদি থাকে) :
- গ) দরদাতা/প্রতিষ্ঠানের নাম :
- ঘ) দরদাতা/প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নং (যদি থাকে) :
- ঙ) টিন নং :
- চ) দরদাতা/প্রতিষ্ঠানের ঠিকানা :
- ছ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার :

ক্রঃ নং	জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০১ উদ্ধৃত দরের ২৫%	ভ্যাট হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০২ উদ্ধৃত দরের ২৫% এর ১৫%	অস্থায়ী আয়কর হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০৩ উদ্ধৃত দরের ২৫% এর ১০%
০১।	নং.....	নং.....	নং.....
০২।	তাং.....	তাং.....	তাং.....
০৩।	টাঃ.....	টাঃ.....	টাঃ.....
০৪।	ব্যাংকের নাম :.....	ব্যাংকের নাম :.....	ব্যাংকের নাম :.....
০৫।	শাখাঃ.....	শাখাঃ.....	শাখাঃ.....


 ০১/১০/২০২৬
 (মোঃ শাহীন মিয়া)
 পরিচিতি নং-৬৯০১০৩০০১
 নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
 ড্রেজার স্টোর বিভাগ
 বাপাউবো, নারায়ণগঞ্জ।

(খ) পুরাতন অকেজো/অব্যবহৃত/অপ্রয়োজনীয় এম এস প্লেট এর নিলাম দরপত্র তফশীল

১। দরপত্র বিজ্ঞপ্তি নং-০২/২০২৬-২০২৭ ইং

দরপত্র বিক্রয় মূল্য প্রতি সেট টাঃ- ৭৫০/-

ক্রঃনং	যন্ত্রাংশ/মালামাল এর বিবরণ	একক	পরিমাণ	উদ্ধৃত দর (অংকে)
১	২	৩	৪	৪
০১।	পুরাতন অকেজো/অব্যবহৃত/অপ্রয়োজনীয় এম এস প্লেট এর (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে)	লট	০১ (এক) লট	
মোটঃ				

- ক) উদ্ধৃত দর (কথায়) :
- খ) দরদাতা/প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর (যদি থাকে) :
- গ) দরদাতা/প্রতিষ্ঠানের নাম :
- ঘ) দরদাতা/প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নং (যদি থাকে) :
- ঙ) টিন নং :
- চ) দরদাতা/প্রতিষ্ঠানের ঠিকানা :
- ছ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার :

ক্রঃ নং	জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০১ উদ্ধৃত দরের ২৫%	ভ্যাট হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০২ উদ্ধৃত দরের ২৫% এর ১৫%	অগ্রীম আয়কর হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার-০৩ উদ্ধৃত দরের ২৫% এর ১০%
০১।	নং.....	নং.....	নং.....
০২।	তাং.....	তাং.....	তাং.....
০৩।	টাঃ.....	টাঃ.....	টাঃ.....
০৪।	ব্যাংকের নাম :.....	ব্যাংকের নাম :.....	ব্যাংকের নাম :.....
০৫।	শাখাঃ.....	শাখাঃ.....	শাখাঃ.....


 ১৫/১০/২০২৬
 (মোঃ শাহীন মিয়া)
 পরিচিতি নং-৬৯০১০৩০০১
 নির্বাহী প্রকৌশলী (অঃদাঃ)
 ড্রেজার স্টোর বিভাগ
 বাপাউবো, নারায়ণগঞ্জ।